



বাংলাদেশ ফুটবল ফেডারেশন

BANGLADESH FOOTBALL FEDERATION



তারিখঃ ১৩-০৯-২০২১

সংবাদ বিজ্ঞপ্তি

অদ্য ১৩-০৯-২০২১ তারিখ বাংলাদেশ ফুটবল ফেডারেশন কর্তৃক '২০২০-২১ ফুটবল মৌসুম' সমাপ্তকরণ এবং আসন্ন ২০২১-২২ ফুটবল মৌসুমের বিভিন্ন বিষয়ে অবহিতকরণের লক্ষ্যে বেলা ১.৩০ ঘটিকায় বাফুফে ভবনের ৩য় তলার কনফারেন্স রুমে এক সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়। উক্ত সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন বাংলাদেশ ফুটবল ফেডারেশনের সিনিয়র সহ-সভাপতি ও বাফুফে প্রফেশনাল লীগ ম্যানেজমেন্ট কমিটির চেয়ারম্যান জনাব আব্দুস সালাম মুর্শেদী, এমপি। এছাড়াও উপস্থিত ছিলেন বাফুফে প্রফেশনাল লীগ ম্যানেজমেন্ট কমিটির ডেপুটি চেয়ারম্যান জনাব আব্দুর রহিম, বাফুফে ও প্রফেশনাল লীগ ম্যানেজমেন্ট কমিটির সদস্য জনাব জাকির হোসেন চৌধুরী, জনাব মোঃ নুরুল ইসলাম (নুরু), জনাব মোঃ ইলিয়াস হোসেন, বাফুফে সাধারণ সম্পাদক জনাব মোঃ আবু নাইম সোহাগ ও বাফুফে ম্যানেজার-কম্পিটিশ্বন জনাব জাবের বিন তাহের আনসারী।

সংবাদ সম্মেলনে উল্লেখ করা হয় যে, চলমান কোভিড-১৯ পরিস্থিতির কারণে সারাবিশ্বের সকল কার্যক্রমসহ খেলাধুলা তথা ফুটবলও ক্ষতিগ্রস্ত এবং বিশ্বব্যাপী চলমান ফুটবল মৌসুমের ফুটবলের বিভিন্ন প্রতিযোগিতা বাতিল করা হয়েছে অথবা সময়সূচী পরিবর্তন করতঃ দর্শকশূন্যভাবে স্বাস্থ্যবিধি মেনে আয়োজন করা হচ্ছে। এছাড়াও বিশ্বজুড়ে ফুটবল অঙ্গনের অনেক ক্লাব এবং ফেডারেশন পৃষ্ঠপোষক প্রতিষ্ঠানের সংকটের কারণে অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে, বাংলাদেশের ফুটবলও এর ব্যতিক্রম নয়।

তবুও বিভিন্ন প্রতিকূলতার মধ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ফিফা ও এএফসি'র নিয়মনীতি অনুসরণ করতঃ স্বাস্থ্যবিধি মেনে এবং দর্শকশূন্যভাবে বাফুফে মৌসুমের শুরুতে একটি আন্তর্জাতিক প্রতিযোগিতা 'Mujib Borsho FIFA International Football Series 2020: Bangladesh Vs Nepal' আয়োজন, ঘরোয়া প্রতিযোগিতার সর্বোচ্চ পর্যায়ের দু'টি লীগ 'বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০২০-২১' ও 'বাংলাদেশ চ্যাম্পিয়নশীপ লীগ ২০২০-২১', 'ফেডারেশন কাপ' ও মহিলা ফুটবল লীগসহ মহিলা ফুটবল এর কিছু প্রতিযোগিতা এবং 'তৃতীয় বিভাগ ফুটবল লীগ ২০১৯-২০' আয়োজন করতে সক্ষম হয়েছে বলে উল্লেখ করা হয়। তবে, কোভিড-১৯ সংক্রান্ত পরিস্থিতির কারণে ফুটবল মৌসুমের ব্যাপ্তি বেড়ে যাওয়ায় অংশগ্রহণকারী বিভিন্ন ক্লাব ফুটবল দলের পক্ষে দৈনন্দিন ব্যয় বহন করা ও মৌসুমের বাকী প্রতিযোগিতাসমূহে অংশগ্রহণ করা কষ্টসাধ্য হয়ে পড়েছে। সার্বিক বিষয়াদি বিবেচনা করতঃ 'বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০২০-২১' এর খেলা সম্পন্ন করার মাধ্যমে বাফুফে কর্তৃক ২০২০-২১ ফুটবল মৌসুমের সমাপ্তি করা হবে।

বাফুফে কর্তৃক যথাসীঘ্রই আগামী ২০২১-২২ ফুটবল মৌসুমের ক্রীড়া পঞ্জিকা প্রকাশ করা হবে এবং আমাদের স্বাধীনতার ৫০ বছর উদ্‌যাপন উপলক্ষ্যে 'স্বাধীনতা কাপ ফুটবল প্রতিযোগিতা'র মাধ্যমে ২০২১-২২ ফুটবল মৌসুম আরম্ভ করা হবে।

উক্ত সংবাদ সম্মেলনে উপস্থিত বাফুফে প্রফেশনাল লীগ ম্যানেজমেন্ট কমিটির উল্লেখিত কর্মকর্তাগণ 'বাংলাদেশ চ্যাম্পিয়নশীপ লীগ ২০২০-২১' এর রানার্স-আপ দল নোফেল স্পোর্টিং ক্লাবকে ট্রফি ও মেডেল প্রদান করেন। দলের পক্ষে ট্রফি ও মেডেল গ্রহণ করেন নোফেল স্পোর্টিং ক্লাবের সাধারণ সম্পাদক জনাব মোঃ শাখাওয়াত হোসেন ভূইয়া শাহীন, টিম লীডার জনাব মোঃ সাইফুর রহমান মনি ও ফিটনেস কোচ জনাব জালাল উদ্দিন।

খালিদ মাহমুদ নওমী

এক্সিকিউটিভ-মিডিয়া

বাংলাদেশ ফুটবল ফেডারেশন।